রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক
প্রধান কার্যালয়, রাজশাহী
কেন্দ্রীয় হিসাব বিভাগ-১

ফোনঃ০২৪৭-৮৬০৫৩২
০২৪৭-৮৬০৫১৬, ০২৪৭-৮৬০৫২১
ই-মেইলঃdgmcad1@rakub.org.bd
ওয়েবসাইটঃ www.rakub.org.bd

প্রকা/কেহিবি-১/পরিপত্র নং-০৩/২০১৭

তারিখঃ ০৯ জুলাই ২০১৭ / ২৫ আষাঢ় ১৪২৪

বিষয়ঃ ২০১৬-২০১৭ অর্থবছর (২০১৭-২০১৮ কর বছর) এর বেতন/ভাতাদি আয়ের উপর আয়কর নিরূপণ, কর্তন, হিসাব দাখিল ও ক্রেডিট এ্যাডভাইস প্রেরণ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে অত্র বিভাগের সার্কুলার লেটার নং-০৮/২০১৬ তারিখঃ ২৭-০৯-২০১৬ এর প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। ৩০ জুন, ২০১৭ তারিখে সমাপ্ত ২০১৬-২০১৭ অর্থবছর (২০১৭-২০১৮ কর বছর) এর জন্য ব্যাংকের সকল করযোগ্য কর্মকর্তা/ কর্মচারীগণের বেতন আয়ের আয়কর ইতোমধ্যে আদায় করা হয়েছে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, অর্থ মন্ত্রণালয়, অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ২২ জুন, ২০১৭ খ্রিস্টাব্দ এর এস,আর,ও নং ২১১-আইন/আয়কর/২০১৭ মোতাবেক সরকারি কর্মকর্তা/কর্মচারীগণের আয়করের পরিধি বিষয়ে নিম্নরূপ ব্যাখ্যা দেয়া হয়েছেঃ

“এস,আর,ও নং ২১১-আইন/আয়কর/২০১৭। — Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার অত্র বিভাগের ১৬ আষাঢ়, ১৪২২ বঙ্গাব্দ মোতাবেক ৩০ জুন, ২০১৫ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ১৯৮-আইন-আয়কর/২০১৫ রহিতক্রমে, সরকারি বেতন আদেশভুক্ত কর্মচারীদের সরকার কর্তৃক প্রদত্ত মূল বেতন, উৎসবভাতা এবং বোনাস, যে নামেই অভিহিত হোক না কেন, ব্যতীত অবসরকালে প্রদত্ত লাম্প গ্র্যান্টসহ সরকারি বেতন আদেশে উল্লিখিত অন্যান্য ভাতা ও সুবিধাদিকে প্রদেয় আয়কর হইতে এতদ্বারা অব্যাহতি প্রদান করিল।

০২। এই প্রজ্ঞাপন ১ জুলাই, ২০১৭ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইবে।”

০৩। এছাড়াও ৩০ জুন, ২০১৭ তারিখে সমাপ্ত ২০১৬-২০১৭ অর্থবছর (২০১৭-২০১৮ কর বছর) এর জন্য ব্যাংকের সকল করযোগ্য কর্মকর্তা/ কর্মচারীগণের বেতন আয়ের আয়কর নিজ তহবিল হতে প্রদানের ক্ষেত্রে ২০১৭ সনের ১৪ নং আইনের ৫২ ধারা মোতাবেক নিম্নবর্ণিত নিয়মাচার অনুসরণ করার জন্য বলা হলো এবং বেতন আয়ের আয়কর নিরূপণে সহায়ক একটি কম্পিউটেশন সীট ছক ‘ক, খ , গ ও ঘ’ এবং নমুনা এতদসংগে সংযুক্ত করা হলো।

(অ) <u>করদাতা কে হবেনঃ</u>

(ক) যে সকল কর্মকর্তা/কর্মচারীগণের ১ জুলাই, ২০১৬ হতে ৩০ জুন, ২০১৭ তারিখ পর্যন্ত মোট বেতন আয় পুরুষ করদাতার জন্য ২,৫০,০০০/-টাকা, মহিলা এবং ৬৫ বছর বা তদুর্ধ্ব বয়সের করদাতার জন্য ৩,০০,০০০/-টাকা, প্রতিবন্ধী করদাতার জন্য ৪,০০,০০০/-টাকা এবং গেজেটভুক্ত যুদ্ধাহত মুক্তিযোদ্ধা করদাতার জন্য ৪,২৫,০০০/-টাকার উর্ধ্বে হবে।

খ) এস,আর,ও নং-২১১ মোতাবেক একজন সরকারি কর্মকর্তা/কর্মচারীর মূল বেতন, উৎসবভাতা এবং বোনাস/এক্সগ্রেসিয়া ‘‘করযোগ্য আয়’’ হিসেবে বিবেচিত হবে। অন্য সকল সুবিধা ও ভাতাদি যেমনঃ বাড়ী ভাড়া ভাতা, চিকিৎসা ভাতা, যাতায়াত ভাতা, ছুটি নগদায়ন, শ্রান্তি বিনোদন ভাতা ইত্যাদি করমুক্ত থাকবে।

গ) ৩০-০৬-২০১৭ তারিখ পর্যন্ত পূর্ণ বা আংশিক পিআরএল ভোগরত কর্মকর্তা/কর্মচারীগণের যদি অনুচ্ছেদ (অ)(ক) এ বর্ণিত আয় থাকে।

চলমান পাতা-০২

(আ) বিনিয়োগ ও দানের খাতসমূহ এবং কর রেয়াত সুবিধার হারঃ

বিনিয়োগের খাতঃ

- ব্যাংক ও নিজের দেয় ভবিষ্য তহবিলের চাঁদা (ভবিষ্য তহবিল গ্রহীতাদের ক্ষেত্রে)।
- নিজের দেয় ভবিষ্য তহবিলের চাঁদা (পেনশন গ্রহীতাদের ক্ষেত্রে)।
- জীবন বীমার প্রিমিয়াম।
- গোষ্ঠী বীমার প্রিমিয়াম।
- যে কোন তফসিলি ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের ডিপোজিট স্কীমে বার্ষিক সর্বোচ্চ ৬০,০০০/-টাকা বিনিয়োগ।
- অনুমোদিত বদান্য তহবিলের চাঁদা।
- সঞ্চয়পত্র ক্রয়ে বিনিয়োগ।
- বাংলাদেশের ষ্টক এক্সচেঞ্জে তালিকাভূক্ত কোম্পানীর শেয়ার, স্টক, মিউচ্যুয়াল ফান্ড বা ডিবেঞ্চারে বিনিয়োগ।
- বাংলাদেশ সরকার অনুমোদিত ট্রেজারী বন্ডে বিনিয়োগ।
- কম্পিউটার/ ল্যাপটপ (০.৫০/১.০০ লক্ষ টাকা সর্বোচ্চ) ক্রয়ে বিনিয়োগ।

দানঃ

- যাকাত তহবিলে দান।
- জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক অনুমোদিত কোন দাতব্য হাসপাতালে দান।
- প্রতিবন্ধীদের কল্যাণে স্থাপিত প্রতিষ্ঠানে দান।
- মুক্তিযুদ্ধ যাদুঘরে প্রদত্ত দান।
- আগাঁ খান ডেভেলপমেন্ট নেটওয়ার্কে দান।
- আহসানিয়া ক্যান্সার হাসপাতালে দান।
- ICDDRB তে প্রদত্ত দান।
- CRP,সাভার এ প্রদত্ত দান।
- সরকার কর্তৃক অনুমোদিত জনকল্যাণমূলক বা শিক্ষা প্রতিষ্ঠানে দান।
- এশিয়াটিক সোসাইটি, বাংলাদেশ এ দান।
- ঢাকা আহসানিয়া মিশন ক্যান্সার হাসপাতালে দান।
- মুক্তিযুদ্ধের স্মৃতি রক্ষার্থে নিয়োজিত জাতীয় পর্যায়ের কোন প্রতিষ্ঠানে অনুদান।
- জাতির জনকের স্মৃতি রক্ষার্থে নিয়োজিত জাতীয় পর্যায়ের প্রতিষ্ঠানে অনুদান।

অনুমোদনযোগ্য বিনিয়োগ সীমাঃ

উপরোক্ত খাতসমূহে বিনিয়োগ ও দানকৃত মোট অর্থ অথবা মোট আয়ের ২৫% অথবা ১.৫০ কোটি (এক কোটি পঞ্চাশ লক্ষ) টাকা এ তিনটির মধ্যে যেটি কম সেটি অনুমোদনযোগ্য বিনিয়োগ হিসেবে বিবেচিত হবে। বিনিয়োগ জনিত রিবেট দাবীর স্বপক্ষে প্রমাণাদি আয়কর রিটার্নের সাথে দাখিল করতে হবে।

কর রেয়াত সুবিধার হারঃ

একজন করদাতা তার মোট আয়ের উপর নিম্নলিখিতভাবে কর রেয়াত সুবিধা প্রাপ্ত হবেন:

মোট আয়	**কর রেয়াত হার**
(১) মোট আয় ১০,০০,০০০/- টাকা পর্যন্ত:	অনুমোদনযোগ্য বিনিয়োগের ১৫%
(২) মোট আয় ১০,০০,০০০/- টাকার বেশী কিন্তু ৩০,০০,০০০/- টাকার কম হলে:	অনুমোদনযোগ্য বিনিয়োগের প্রথম ২,৫০,০০০/- টাকার উপর ১৫% এবং অবশিষ্ট টাকার উপর ১২%
(৩) মোট আয় ৩০,০০,০০০/- টাকার বেশী হলে:	অনুমোদনযোগ্য বিনিয়োগের প্রথম ২,৫০,০০০/- টাকার উপর ১৫%,পরবর্তী ৫,০০,০০০/- টাকার উপর ১২% এবং অবশিষ্ট টাকার উপর ১০%

চলমান পাতা-০৩

(ই) আয়কর হারঃ

একজন করদাতা ২০১৬-২০১৭ অর্থবছরে তার মোট আয়ের উপর নিম্নবর্ণিত হারে কর প্রদান করবেন।

বার্ষিক মোট আয়	আয়করের হার
০১) প্রথম ২,৫০,০০০/-(দুই লক্ষ পঞ্চাশ হাজার) টাকা পর্যন্ত এবং	শূন্য
০২) পরবর্তী ৪,০০,০০০/- (চার লক্ষ) টাকা পর্যন্ত মোট আয়ের উপর	১০%
০৩) পরবর্তী ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা পর্যন্ত মোট আয়ের উপর	১৫%
০৪) পরবর্তী ৬,০০,০০০/- (ছয় লক্ষ) টাকা পর্যন্ত মোট আয়ের উপর	২০%
০৫) পরবর্তী ৩০,০০,০০০/- (ত্রিশ লক্ষ) টাকা পর্যন্ত মোট আয়ের উপর	২৫%
০৬) অবশিষ্ট মোট আয়ের উপর	৩০%

তবে শর্ত থাকে যে-

- মহিলা এবং ৬৫ বছর বা তদুর্ধ্ব বয়সের করদাতার করমুক্ত আয়ের সীমা হবে ৩,০০,০০০/-টাকা;
- প্রতিবন্ধী ব্যক্তি করদাতার করমুক্ত আয়ের সীমা হবে ৪,০০,০০০/-টাকা;
- গেজেটভুক্ত যুদ্ধাহত মুক্তিযোদ্ধা করদাতার করমুক্ত আয়ের সীমা হবে ৪,২৫,০০০/- টাকা;
- কোন প্রতিবন্ধী ব্যক্তির পিতামাতা বা আইনানুগ অভিভাবকের জন্য করমুক্ত সীমা ২৫,০০০/- বেশী হবে; প্রতিবন্ধী ব্যক্তির পিতা ও মাতা উভয়েই করদাতা হলে যে কোন একজন এই সুবিধা ভোগ করবেন।

(ঈ) ন্যূনতম করের পরিমাণঃ

এলাকার বিবরণ	ন্যূনতম করের পরিমাণ (টাকা)
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন ও চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকায় অবস্থিত করদাতা	৫,০০০/-
অন্যান্য সিটি কর্পোরেশন এলাকায় অবস্থিত করদাতা	৪,০০০/-
সিটি কর্পোরেশন ব্যতীত অন্যান্য এলাকায় অবস্থিত করদাতা	৩,০০০/-

বিনিয়োগজনিত কর রেয়াত প্রদানের ফলে আয়করের পরিমাণ ন্যূনতম করের কম, শূন্য (০) বা ঋণাত্বক হলেও ন্যূনতম কর প্রদান করতে হবে। একজন চাকুরীজীবি করদাতা একটি আয় বছরে একাধিক স্থানে কর্মরত থাকলে যে স্থানে তিনি বেশি সময় কর্মরত ছিলেন ন্যূনতম করের জন্য সে স্থানই তার অবস্থানস্থল হিসেবে বিবেচিত হবে।

০৩। **বৈতনিক আয়ের উপর আয়কর নিরূপণ, আদায় ও বিবরণী প্রেরণ পদ্ধতিঃ**

২০১৬-২০১৭ অর্থবছর (২০১৭-২০১৮ কর বছর) এর জন্য করযোগ্য কর্মকর্তা/কর্মচারীগণের বেতন আয়ের উপর উপরোক্ত হারে আয়কর নিরূপণ করে সংযুক্ত ছক 'ক' 'খ' এবং 'গ' মোতাবেক আয়কর নির্ধারণী সীট পূরণ করতে হবে। সকল শাখা, জোনাল কার্যালয়, জোনাল নিরীক্ষা কার্যালয়, বিভাগীয় কার্যালয়, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা শাখা ও প্রধান কার্যালয়ের বেতন প্রদানকারী কর্তৃপক্ষ ২০১৬-২০১৭ অর্থবছর (২০১৭-২০১৮ কর বছর) এর জন্য করযোগ্য কর্মকর্তা/কর্মচারীগণের বেতন আয়ের উপর উপরোক্ত হারে আয়কর নির্ধারণ করে প্রদেয় আয়কর সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর বেতন হতে অবশিষ্ট প্রদেয় আয়কর (যদি থাকে) জুলাই/২০১৭ মাসের বেতন হতে বাধ্যতামূলকভাবে কর্তন এবং কর্তনকৃত অর্থের ক্রেডিট এ্যাডভাইস তালিকাসহ প্রেরন নিশ্চিত করবেন। এখানে উল্লেখ্য যে, কোন করযোগ্য কর্মকর্তা/কর্মচারী কর্তৃক প্রদেয় আয়করের অতিরিক্ত অর্থ প্রদান করা হলে তা সমন্বয়ের জন্য কোনভাবেই ডেবিট এ্যাডভাইস প্রেরণ করা যাবেনা। প্রদেয় আয়করের অতিরিক্ত অর্থ পরবর্তীতে কেন্দ্রীয় হিসাব বিভাগ-১ হতে ফেরত প্রদান করা হবে। প্রধান কার্যালয় এবং প্রশিক্ষণ ইনস্টিটিউট এর করযোগ্য কর্মকর্তা/কর্মচারীগণের বেতন আয়ের আয়কর কেন্দ্রীয় হিসাব বিভাগ-১ হতে বেতন প্রদানের সময় কর্তন করতে হবে। আয়কর কর্তনের ক্ষেত্রে কোন প্রকার অজুহাত গ্রহণযোগ্য হবে না। এর ব্যত্যয় হলে বেতন প্রদানকারী কর্তৃপক্ষ এবং সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। নিম্নোক্ত রোড ম্যাপ অনুযায়ী বিবরণীসমূহ প্রধান কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে। প্রসঙ্গতঃ উল্লেখ্য যে, কম্পিউটেশন সীটে (ছক'ক','খ' এবং 'গ') অবশ্যই ই-টিআইএন ও জাতীয় পরিচয় পত্র নং উল্লেখ করতে হবে। কম্পিউটেশন সীটগুলি জোনাল কার্যালয়ে প্রেরণের পূর্বে বেতন প্রদানকারীকর্তৃপক্ষ এই মর্মে প্রত্যয়ন পত্র প্রদান করবেন যে, তালিকাভূক্ত করদাতা ব্যতীত বিভাগীয় কার্যালয়, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, জোনাল কার্যালয়, জোনাল নিরীক্ষা কার্যালয় এবং শাখায় অন্য কোন করদাতা কর্মকর্তা/ কর্মচারী নাই। অর্থ আইন, ২০১৫ এর মাধ্যমে সংযোজিত ধারা 50 এর উপ-ধারা (1B) অনুযায়ী বেতন প্রদানকারী কর্তৃপক্ষ আয় বছর শেষ হওয়ার পরবর্তী জুলাই মাসের ৩১ তারিখের মধ্যে ধারা 50 এর উপ-ধারা (1A) অনুযায়ী উৎসে কর কর্তনের পরিমাণ উল্লেখ করে বিধি (18A) অনুসারে ছক 'ঘ' অনুযায়ী একটি সনদপত্র প্রদান করবেন যা আয়কর রিটার্ন দাখিলের সময় আয়কর কর্তনের প্রমান হিসেবে সাথে দাখিল করতে হবে।

চলমান পাতা-০৪

০৪। নিম্নোক্ত সময়সূচী অনুযায়ী ২০১৬-২০১৭ অর্থবছরের কম্পিউটেশন সীট অত্র বিভাগে প্রেরণের জন্য বলা হলো।

ক্রমিক নং	কার্যালয়ের নাম	বিবরণ	কোথায় প্রেরণ করবে	প্রেরণের তারিখ	প্রধান কার্যালয়ে কাহার নিকট প্রেরণ করতে হবে	মন্তব্য
০১।	জোনিকা/ শাখাসমূহ	ছক-ক ও খ	জোনাল কার্যালয়ে	১৮-০৭-২০১৭	-	নিয়ন্ত্রণকারী কর্মকর্তাগণ ছক-ক ও খ প্রস্তুত করবে।
০২।	জোনাল কার্যালয়	ছক-ক,খ ও গ	কেন্দ্রীয় হিসাব বিভাগ-১	২০-০৭-২০১৭	জনাব মোঃ মহিবুর রহমান সহকারী মহাব্যবস্থাপক	জোনের শাখার/জোনিকা এর ছক-ক এবং খ একীভূত করে ছক গ প্রস্তুত করতে হবে।
০৩।	বিভাগীয় কার্যালয়/বিভাগীয় নিরীক্ষা কার্যালয়	ছক-ক,খ ও গ	কেন্দ্রীয় হিসাব বিভাগ-১	২০-০৭-২০১৭	জনাব মোঃ মহিবুর রহমান সহকারী মহাব্যবস্থাপক	নিজ নিজ কার্যালয়ের ছক-ক এবং খ একীভূত করে ছক গ প্রস্তুত করতে হবে।
০৪।	প্রধান কার্যালয় ও প্রশিক্ষণ ইনস্টিটিউট	ছক-ক,খ ও গ	কেন্দ্রীয় হিসাব বিভাগ-১	২০-০৭-২০১৭	জনাব মোঃ মহিবুর রহমান সহকারী মহাব্যবস্থাপক	নিজ নিজ বিভাগের ছক-ক এবং খ একীভূত করে ছক গ প্রস্তুত করতে হবে।

০৫। আয়কর প্রদান বিষয়ে নতুন কোন তথ্য জানার প্রয়োজন হলে স্থানীয় আয়কর অফিস অথবা কেহিবি-১ এর সাথে যোগাযোগ করার পরামর্শ দেয়া হলো।

০৬। ২০১৬-২০১৭ অর্থবছরের কর পরিশোধিত হলে পরবর্তী ২০১৭-২০১৮ অর্থবছরের জন্য বেতন আয়ের আয়কর ২০১৬-২০১৭ অর্থবছরকে ভিত্তি ধরে পরবর্তী মাসসমূহে আনুপাতিক হারে উপরোক্ত পদ্ধতিতে মাসিক বেতন হতে আদায় নিশ্চিত করতে হবে।

০৯/০৭/২০১৭

(অশোক কুমার আচার্য্য)
উপমহাব্যবস্থাপক
ফোনঃ ০২৪৭-৮৬০৫৩২।
সংযুক্তিঃ ০৬ (ছয়)।

স্মারক নং- প্রকা/কেহিবি-১/৩০(১৫)/২০১৭-২০১৮/১০৩(৫০০) তারিখঃ০৯-০৭-২০১৭ ইং

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলোঃ

১| স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
২| স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
৩| স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
৪| মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
৫| সচিব/সকল উপ-মহাব্যবস্থাপক/সকল বিভাগীয় প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
৬| উপমহাব্যবস্থাপক, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/ রংপুর।
৭| উপমহাব্যবস্থাপক, এমডিস ভিজিলেন্স সেল, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
৮| উপমহাব্যবস্থাপক, রাকাব, ঢাকা শাখা, ঢাকা/ এল.পি.ও, রাজশাহী।
৯| সকল জোনাল ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১০| পরিচালক, এসইসিপি, রাকাব, রাজশাহী।
১১| অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনষ্টিটিউট, রাজশাহী।
১২| সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১৩| মেসার্স মসিহ্ মুহিত হক এন্ড কোং, আয়কর উপদেষ্টা, ইউটিসি বিল্ডিং, লেভেল-১৩, ৮ পান্থপথ, ঢাকা।
১৪| সকল শাখা ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১৫| অফিস নথি/ মহানথি।

০৯.০৭.১৭

(মোঃ মহিবুর রহমান)
সহকারী মহাব্যবস্থাপক
ফোনঃ ০২৪৭-৮৬০৫১৬।

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক ছক-'ক'

.... শাখা/কার্যালয়/বিভাগ। **(কম্পিউটেশন সীট)**

২০১৬-২০১৭ অর্থবছরের (২০১৭-২০১৮ কর বছর) মোট বৈতনিক আয়ের উপর কর নিরূপণ বিবরণী
১ জুলাই, ২০১৬ হতে ৩০ জুন, ২০১৭।

নাম ...., পদবী ...., শাখা/কার্যালয় ....

পিতার নাম ...., মাতার নাম..।

জাতীয় পরিচয়পত্র নঃ													
ই-টি.আই.এনঃ													

ক্রঃ নং	বিবরণ	টাকা
(ক)	আয়ঃ	
১।	মূল বেতনঃ	
২।	উৎসব ভাতা ও বোনাস/এক্সগ্রেসিয়াঃ	
৩।	সর্বমোট আয়ঃ	
(খ)	প্রদেয় করঃ	
১।	প্রথম ২,৫০,০০০/- টাকা পর্যন্ত (পুরুষ করদাতা), ৩,০০,০০০/- টাকা পর্যন্ত (মহিলা করদাতা), ৪,০০,০০০/-টাকা পর্যন্ত (প্রতিবন্ধী করদাতা) এবং ৪,২৫,০০০/-টাকা পর্যন্ত (গেজেটভুক্ত যুদ্ধাহত মুক্তিযোদ্ধা করদাতা) মোট আয়ের উপর ০% (শূন্য)হারেঃ	
২।	পরবর্তী ৪,০০,০০০/- টাকা পর্যন্ত মোট অয়ের উপর ১০% (দশ) হারেঃ	
৩।	পরবর্তী ৫,০০,০০০/- টাকা পর্যন্ত মোট অয়ের উপর ১৫% (পনের) হারেঃ	
৪।	পরবর্তী ৬,০০,০০০/- টাকা পর্যন্ত মোট অয়ের উপর ২০% (বিশ) হারেঃ	
৫।	পরবর্তী ৩০,০০,০০০/- টাকা পর্যন্ত মোট অয়ের উপর ২৫% (পঁচিশ) হারে	
৬।	অবশিষ্ট মোট আয়ের উপর ৩০% (ত্রিশ) হারেঃ	
৭।	সর্বমোট আয়ের উপর করঃ	
(গ)	অনুমোদনযোগ্য বিনিয়োগ ও দান/রেয়াতঃ	
১।	ব্যাংক ও নিজের দেয় ভবিষ্য তহবিলের চাঁদা (ভবিষ্য তহবিল গ্রহীতাদের ক্ষেত্রেঃ	
২।	নিজের দেয় ভবিষ্য তহবিলের চাঁদা (পেনশন গ্রহিতাদের ক্ষেত্রেঃ	
৩।	জীবন বীমার প্রিমিয়াম (বীমাকৃত টাকার অনুর্ধ ১০%)ঃ	
৪।	গোষ্ঠী বীমার প্রিমিয়ামঃ	
৫।	অনুমোদিত বদান্য তহবিলের চাঁদাঃ	
৬।	যে কোন তফসিলি ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের ডিপোজিট স্কীমে(বার্ষিক সর্বোচ্চ ৬০,০০০/- টাকা) বিনিয়োগঃ	
৭।	বাংলাদেশের ষ্টক এক্সচেঞ্জে তালিকাভূক্ত কোম্পানীর শেয়ার, স্টক, মিউচ্যুয়াল ফান্ড বা ডিবেঞ্চারে বিনিয়োগ	
৮।	বাংলাদেশ সরকার অনুমোদিত ট্রেজারী বন্ডে বিনিয়োগঃ	
৯।	সঞ্চয়পত্র ক্রয়ে বিনিয়োগ ঃ	
১০।	যাকাত ফান্ডের চাঁদা (যাকাত অর্ডিন্যান্স-১৯৮২ অনুযায়ী) ঃ	
১১।	কম্পিউটার/ ল্যাপটপ(০.৫০/১.০০ লক্ষ টাকা সর্বোচ্চ) ক্রয়ে বিনিয়োগঃ	
১২।	যাকাত তহবিলে দানঃ	
১৩।	জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক অনুমোদিত কোন দাতব্য হাসপাতালে দানঃ	
১৪।	প্রতিবন্ধীদের কল্যাণে স্থাপিত প্রতিষ্ঠানে দানঃ	
১৫।	মুক্তিযুদ্ধ যাদুঘরে প্রদত্ত দানঃ	
১৬।	আগাঁ খান ডেভেলপমেন্ট নেটওয়ার্কে দানঃ	
১৭।	আহসানিয়া ক্যান্সার হাসপাতালে দানঃ	
১৮।	ICDDRB তে প্রদত্ত দানঃ	
১৯।	CRP,সাভার এ প্রদত্ত দানঃ	
২০।	সরকার কর্তৃক অনুমোদিত জনকল্যাণমূলক বা শিক্ষা প্রতিষ্ঠানে দানঃ	
২১।	এশিয়াটিক সোসাইটি, বাংলাদেশ এ দানঃ	
২২।	ঢাকা আহসানিয়া মিশন ক্যান্সার হাসপাতালে দানঃ	
২৩।	মুক্তিযুদ্ধের স্মৃতি রক্ষার্থে নিয়োজিত জাতীয় পর্যায়ের কোন প্রতিষ্ঠানে অনুদানঃ	
২৪।	জাতির জনকের স্মৃতি রক্ষার্থে নিয়োজিত জাতীয় পর্যায়ের প্রতিষ্ঠানে অনুদানঃ	
২৫।	মোট রেয়াতযোগ্য বিনিয়োগঃ	
(ঘ)	নীট প্রদেয় করঃ	
১।	অনুমোদন যোগ্য বিনিয়োগ (বিনিয়োগকৃত অংক অথবা মোট আয়ের ২৫% অথবা সর্বোচ্চ ১.৫০ কোটি (এক কোটি পঁঞ্চাশ লক্ষ) টাকার মধ্যে যেটি কমঃ	
২।	কর রেয়াত বা ট্যাক্স ক্রেডিট {রেয়াতের (ঘ) ১ এর উপরঃ	
	(I) মোট আয় ১০,০০,০০০/- টাকার কম হলে অনুমোদনযোগ্য বিনিয়োগের ১৫% হারেঃ	
	(II) মোট আয় ১০,০০,০০০/- টাকার বেশী কিন্তু ৩০,০০,০০০/- টাকার কম হলে অনুমোদনযোগ্য বিনিয়োগের প্রথম ২,৫০,০০০/- টাকার উপর ১৫% এবং অবশিষ্ট টাকার উপর ১২% হারেঃ	
	(III) মোট আয় ৩০,০০,০০০/- টাকার বেশী হলে অনুমোদনযোগ্য বিনিয়োগের প্রথম ২,৫০,০০০/- টাকার উপর ১৫%,পরবর্তী ৫,০০,০০০/- টাকার উপর ১২% এবং অবশিষ্ট টাকার উপর ১০% হারেঃ	
৩।	সর্বমোট কর রেয়াতঃ	
৪।	নীট প্রদেয় কর (খ)৭-(ঘ)৩ (সর্বনিম্ন কর ৩০০০/ ৪০০০/ ৫০০০ টাকাঃ	

প্রস্তুতকারী শাখা ব্যবস্থাপক/অফিস প্রধান এর স্বাক্ষর (সীলসহ) করদাতার স্বাক্ষর (সীলসহ)

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

ছক-‘খ’

....শাখা/কার্যালয়/ বিভাগ ।

জনাব ...., পদবী ....   ।

ই-টি.আই.এন. ....

মাসের নাম	মূল বেতন	বাড়ী ভাড়া ভাতা	উৎসব ভাতা	বোনাস/ এক্সগ্রেসিয়া	বাংলা নববর্ষ ভাতা	আপ্যায়ন ভাতা	যাতায়াত ভাতা	শিক্ষা ভাতা	চিকিৎসা ভাতা	ছুটি নগদায়ন/ অন্যান্য	মোট	ভবিষ্য তহবিলে কর্মচারীর চাঁদা	বদান্য তহবিলের চাঁদা	মোট (১৩+১৪)	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬
জুলাই, ২০১৬															
আগস্ট, ২০১৬															
সেপ্টেম্বর, ২০১৬															
অক্টোবর, ২০১৬															
নভেম্বর, ২০১৬															
ডিসেম্বর, ২০১৬															
জানুয়ারী, ২০১৭															
ফেব্রুয়ারী, ২০১৭															
মার্চ, ২০১৭															
এপ্রিল, ২০১৭															
মে, ২০১৭															
জুন, ২০১৭															
মোটঃ															

প্রধান কার্যালয়ে এক কপি জমা দিতে হবে।

করদাতার স্বাক্ষর (সীলসহ)

ব্যবস্থাপক/ সহকারী মহাব্যবস্থাপক/ মুখ্য কর্মকর্তা

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

ছক - ‘গ’

.... শাখা/কার্যালয়/বিভাগ।

কর্মকর্তা/কর্মচারীগণের ২০১৬-২০১৭ অর্থবছর (২০১৭-২০১৮ কর বছর) এর আয়কর বিবরণী:

ক্রঃ নং	কর্মকর্তা/ কর্মচারীর নাম	পদবী	টি আই এন (ট্যাক্স পেয়ার্স আইডেন্টিফিকেশন নম্বর)	শাখা/ কার্যালয়/ বিভাগ	মূল বেতন	বোনাস	মোট করযোগ্য বেতন আয় (৬ হতে ৭)	সর্বমোট আয়ের উপর কর	ভবিষ্য তহবিলের চাঁদা	অন্যান্য	বদান্য তহবিল	অনুমোদনযোগ্য বিনিয়োগ (মোট আয়ের ২৫% এর বেশী নয়)	কর রেয়াত (ট্যাক্স ক্রেডিট) ১০% হতে ১৫% (১৩ এর উপর)	প্রদেয় কর (৯-১৪)
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫

এ মর্মে প্রত্যয়ন করা যাচ্ছে যে, প্রতিটি হিসাব বিবরণী যথাযথভাবে পরীক্ষা করা হয়েছে এবং প্রধান কার্যালয় কর্তৃক জারীকৃত প্রকা/কেহিবি-১/পরিপত্র নং-০৩/২০১৭ তারিখঃ ০৯-০৭-২০১৭ মোতাবেক তা সঠিক। আরও প্রত্যয়ন করা যাচ্ছে যে, এই একত্রিত বিবরণীতে উল্লিখিত করদাতাগণ ব্যতীত আর কোন কর প্রদানযোগ্য কর্মকর্তা/কর্মচারী অত্র জোনে/ বিভাগে নেই।

উর্ধ্বতন কর্মকর্তা/মুখ্য কর্মকর্তা/ উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা
স্বাক্ষর (সীলসহ)

জোনাল ব্যবস্থাপক/বিভাগীয় প্রধান/মহাব্যবস্থাপক
স্বাক্ষর (সীলসহ)

বিঃদ্রঃ

০১। ছক ‘ক’ ও ‘খ’ ১ কপি করে এবং ছক ‘গ’ ২ কপি করে প্রধান কার্যালয় এর কেন্দ্রীয় হিসাব বিভাগ-১ এ পাঠাতে হবে।

০২। উক্ত বিবরণী তৈরী করার সময় পয়সাকে নিকটতম টাকায় রূপান্তর করতে হবে।

ছক - 'ঘ'

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

.... শাখা/কার্যালয়/বিভাগ।

50 এর উপ-ধারা (1B) অনুযায়ী ৩০-০৬-২০১৬ তারিখে সমাপ্ত অর্থবছরের জন্য বেতন খাতে আয়ের উপর কর্তনকৃত করের প্রত্যয়নপত্র

কর্মকর্তা/কর্মচারীর নাম	শাখা/ কার্যালয়/ বিভাগ	পদবী	ই-টি আই এন (ট্যাক্স পেয়ার্স আইডেন্টিফিকেশন নম্বর)	কর্তনকৃত টাকার পরিমাণ	মন্তব্য
১	২	৩	৪	৫	৬

তারিখঃ ....

হিসাব রক্ষণ কর্মকর্তার নাম, পদবী ও স্বাক্ষর

নমুনা

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

কেন্দ্রীয় হিসাব বিভাগ-১

ছক-'ক'

(কম্পিউটেশন সীট)

২০১৬-২০১৭ অর্থবছরের (২০১৭-২০১৮ কর বছর) মোট বৈতনিক আয়ের উপর কর নিরূপণ বিবরণী

১ জুলাই, ২০১৬ হতে ৩০ জুন, ২০১৭।

নামঃ মোঃ মিজানুর রহমান, পদবীঃ মুখ্য কর্মকর্তা, বিভাগঃ কেন্দ্রীয় হিসাব বিভাগ-১, প্রধান কার্যালয়, রাজশাহী।
পিতার নামঃ মৃত. শাহজাহান, মাতার নামঃ মনোয়ারা বেগম।

জাতীয় পরিচয়পত্র নং:	২	৬	১	১	২	৮	০	৮	৮	৮	৫	৭	৫
ই-টি-আই.এনঃ	৫	৯	৫	০	৭	২	৯	৫	৯	৩	৬	৯	-

ক্রঃ নং	বিবরণ	টাকা
(ক)	আয়:	
১।	মূল বেতন:	৪,৪৭,৩৬০/-
২।	উৎসব ভাতা ও বোনাস/এক্সগ্রেসিয়া : (৩৭,২৮০+৩৫,৫০০+৩৭,২৮০)	১,১০,০৬০/-
৩।	সর্বমোট আয়:	৫,৫৭,৪২০/-
(খ)	প্রদেয় কর:	
১।	প্রথম ২,৫০,০০০/- টাকা পর্যন্ত (পুরুষ করদাতা), ৩,০০,০০০/- টাকা পর্যন্ত (মহিলা করদাতা), ৪,০০,০০০/-টাকা পর্যন্ত (প্রতিবন্ধী করদাতা) এবং ৪,২৫,০০০/-টাকা পর্যন্ত (গেজেটভুক্ত যুদ্ধাহত মুক্তিযোদ্ধা করদাতা) মোট আয়ের উপর ০% (শূন্য)হারে:	
২।	পরবর্তী ৪,০০,০০০/- টাকা পর্যন্ত মোট অয়ের উপর ১০% (দশ) হারে:	৩০,৭৪২/-
৩।	পরবর্তী ৫,০০,০০০/- টাকা পর্যন্ত মোট অয়ের উপর ১৫% (পনের) হারে:	
৪।	পরবর্তী ৬,০০,০০০/- টাকা পর্যন্ত মোট অয়ের উপর ২০% (বিশ) হারে:	
৫।	পরবর্তী ৩০,০০,০০০/- টাকা পর্যন্ত মোট অয়ের উপর ২৫% (পঁচিশ) হারে:	
৬।	অবশিষ্ট মোট আয়ের উপর ৩০% (ত্রিশ) হারে:	
৭।	সর্বমোট আয়ের উপর কর:	৩০,৭৪২/-
(গ)	অনুমোদনযোগ্য বিনিয়োগ ও দান/রেয়াত:	
১।	ব্যাংক ও নিজের দেয় ভবিষ্য তহবিলের চাঁদা (ভবিষ্য তহবিল গ্রহীতাদের ক্ষেত্রে):	
২।	নিজের দেয় ভবিষ্য তহবিলের চাঁদা (পেনশন গ্রহিতাদের ক্ষেত্রে):	৮৯,৪৭২/-
৩।	জীবন বীমার প্রিমিয়াম (বীমাকৃত টাকার অনুর্ধ ১০%):	
৪।	গোষ্ঠী বীমার প্রিমিয়াম:	
৫।	অনুমোদিত বদান্য তহবিলের চাঁদা:	১,২০০/-
৬।	যে কোন তফসিলি ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের ডিপোজিট স্কীমে(বার্ষিক সর্বোচ্চ ৬০,০০০/- টাকা) বিনিয়োগ:	
৭।	বাংলাদেশের ষ্টক এক্সচেঞ্জে তালিকাভূক্ত কোম্পানীর শেয়ার, স্টক, মিউচ্যুয়াল ফান্ড বা ডিবেঞ্চারে বিনিয়োগ:	
৮।	বাংলাদেশ সরকার অনুমোদিত ট্রেজারী বন্ডে বিনিয়োগ:	
৯।	সঞ্চয়পত্র ক্রয়ে বিনিয়োগ:	১,০০,০০০/-
১০।	যাকাত ফান্ডের চাঁদা (যাকাত অর্ডিন্যান্স-১৯৮২ অনুযায়ী):	
১১।	কম্পিউটার/ ল্যাপটপ(০.৫০/১.০০ লক্ষ টাকা সর্বোচ্চ) ক্রয়ে বিনিয়োগ:	
১২।	যাকাত তহবিলে দান:	
১৩।	জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক অনুমোদিত কোন দাতব্য হাসপাতালে দান:	
১৪।	প্রতিবন্ধীদের কল্যাণে স্থাপিত প্রতিষ্ঠানে দান:	
১৫।	মুক্তিযুদ্ধ যাদুঘরে প্রদত্ত দান:	
১৬।	আগাঁ খান ডেভেলপমেন্ট নেটওয়ার্কে দান:	
১৭।	আহসানিয়া ক্যান্সার হাসপাতালে দান:	
১৮।	ICDDRB তে প্রদত্ত দান:	
১৯।	CRP,সাভার এ প্রদত্ত দান:	
২০।	সরকার কর্তৃক অনুমোদিত জনকল্যাণমূলক বা শিক্ষা প্রতিষ্ঠানে দান:	
২১।	এশিয়াটিক সোসাইটি, বাংলাদেশ এ দান:	
২২।	ঢাকা আহসানিয়া মিশন ক্যান্সার হাসপাতালে দান:	
২৩।	মুক্তিযুদ্ধের স্মৃতি রক্ষার্থে নিয়োজিত জাতীয় পর্যায়ের কোন প্রতিষ্ঠানে অনুদান:	
২৪।	জাতির জনকের স্মৃতি রক্ষার্থে নিয়োজিত জাতীয় পর্যায়ের প্রতিষ্ঠানে অনুদান:	
২৫।	মোট রেয়াতযোগ্য বিনিয়োগ:	১,৯০,৬৭২/-
(ঘ)	নীট প্রদেয় কর:	
১।	অনুমোদন যোগ্য বিনিয়োগ (বিনিয়োগকৃত অংক অথবা মোট আয়ের ২৫% অথবা সর্বোচ্চ ১.৫০ কোটি (এক কোটি পঞ্চাশ লক্ষ) টাকার মধ্যে যেটি কম):	১,৩৯,৩৫৫/-
২।	কর রেয়াত বা ট্যাক্স ক্রেডিট {রেয়াতের (ঘ) ১ এর উপর}:	
	(I) মোট আয় ১০,০০,০০০/- টাকার কম হলে অনুমোদনযোগ্য বিনিয়োগের ১৫% হারে:	২০,৯০৩/-
	(II) মোট আয় ১০,০০,০০০/- টাকার বেশী কিন্তু ৩০,০০,০০০/- টাকার কম হলে অনুমোদনযোগ্য বিনিয়োগের প্রথম ২,৫০,০০০/- টাকার উপর ১৫% এবং অবশিষ্ট টাকার উপর ১২% হারে:	
	(III) মোট আয় ৩০,০০,০০০/- টাকার বেশী হলে অনুমোদনযোগ্য বিনিয়োগের প্রথম ২,৫০,০০০/- টাকার উপর ১৫%,পরবর্তী ৫,০০,০০০/- টাকার উপর ১২% এবং অবশিষ্ট টাকার উপর ১০% হারে:	
৩।	সর্বমোট কর রেয়াত:	২০,৯০৩/-
৪।	নীট প্রদেয় কর (খ)৭-(ঘ)৩ (সর্বনিম্ন কর ৩০০০/ ৪০০০/ ৫০০০ টাকা):	৯,৮৩৯/-

স্বাক্ষরিত/-	স্বাক্ষরিত/-	স্বাক্ষরিত/-
০৯-০৭-২০১৭	০৯-০৭-২০১৭	০৯-০৭-২০১৭
প্রস্তুতকারী	শাখা ব্যবস্থাপক/অফিস প্রধান এর স্বাক্ষর (সীলসহ)	করদাতার স্বাক্ষর (সীলসহ)

<u>নমুনা</u>

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক
কেন্দ্রীয় হিসাব বিভাগ-১
প্রধান কার্যালয়, রাজশাহী।

ছক- 'খ'

জনাব মোঃমিজানুর রহমান, পদবীঃ মুখ্য কর্মকর্তা ।
ই-টি.আই.এনঃ ৩৫৪৯৯৯৬৯৪৮৬৬

মাসের নাম	মূল বেতন	বাড়ী ভাড়া ভাতা	উৎসব ভাতা	বোনাস/ এক্সগ্রেসিয়া	বাংলা নববর্ষ ভাতা	আপ্যায়ন ভাতা	যাতায়াত ভাতা	শিক্ষা ভাতা	চিকিৎসা ভাতা	ছুটি নগদায়ন/ অন্যান্য	মোট	ভবিষ্য তহবিলে কর্মচারীর চাঁদা	বদান্য তহবিলের চাঁদা	মোট (১৩+১৪)	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬
জুলাই, ২০১৬	৩৭২৮০.০০	১৬০০০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	১০০.০০	০.০০	১৫০০.০০	০.০০	৫৪৮৮০.০০	৭৪৫৬.০০	১০০.০০	৭৫৫৬.০০	
আগস্ট, ২০১৬	৩৭২৮০.০০	১৬০০০.০০	৩৭২৮০.০০	০.০০	০.০০	০.০০	১০০.০০	০.০০	১৫০০.০০	০.০০	৯২১৬০.০০	৭৪৫৬.০০	১০০.০০	৭৫৫৬.০০	
সেপ্টেম্বর, ২০১৬	৩৭২৮০.০০	১৬০০০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	১০০.০০	০.০০	১৫০০.০০	০.০০	৫৪৮৮০.০০	৭৪৫৬.০০	১০০.০০	৭৫৫৬.০০	
অক্টোবর, ২০১৬	৩৭২৮০.০০	১৬০০০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	১০০.০০	০.০০	১৫০০.০০	০.০০	৫৪৮৮০.০০	৭৪৫৬.০০	১০০.০০	৭৫৫৬.০০	
নভেম্বর, ২০১৬	৩৭২৮০.০০	১৬০০০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	১০০.০০	০.০০	১৫০০.০০	০.০০	৫৪৮৮০.০০	৭৪৫৬.০০	১০০.০০	৭৫৫৬.০০	
ডিসেম্বর, ২০১৬	৩৭২৮০.০০	১৬০০০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	১০০.০০	০.০০	১৫০০.০০	০.০০	৫৪৮৮০.০০	৭৪৫৬.০০	১০০.০০	৭৫৫৬.০০	
জানুয়ারী, ২০১৭	৩৭২৮০.০০	১৬০০০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	১০০.০০	০.০০	১৫০০.০০	০.০০	৫৪৮৮০.০০	৭৪৫৬.০০	১০০.০০	৭৫৫৬.০০	
ফেব্রুয়ারী, ২০১৭	৩৭২৮০.০০	১৬০০০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	১০০.০০	০.০০	১৫০০.০০	০.০০	৫৪৮৮০.০০	৭৪৫৬.০০	১০০.০০	৭৫৫৬.০০	
মার্চ, ২০১৭	৩৭২৮০.০০	১৬০০০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	১০০.০০	০.০০	১৫০০.০০	০.০০	৫৪৮৮০.০০	৭৪৫৬.০০	১০০.০০	৭৫৫৬.০০	
এপ্রিল, ২০১৭	৩৭২৮০.০০	১৬০০০.০০	০.০০	০.০০	৭৪৫৬.০০	০.০০	১০০.০০	০.০০	১৫০০.০০	০.০০	৬২৩৩৬.০০	৭৪৫৬.০০	১০০.০০	৭৫৫৬.০০	
মে, ২০১৭	৩৭২৮০.০০	১৬০০০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	১০০.০০	০.০০	১৫০০.০০	০.০০	৫৪৮৮০.০০	৭৪৫৬.০০	১০০.০০	৭৫৫৬.০০	
জুন, ২০১৭	৩৭২৮০.০০	১৬০০০.০০	৩৭২৮০.০০	৩৫৫০০.০০	০.০০	০.০০	১০০.০০	০.০০	১৫০০.০০	০.০০	১২৭৬৬০.০০	৭৪৫৬.০০	১০০.০০	৭৫৫৬.০০	
মোটঃ	**৪৪৭৩৬০.০০**	**১৯২০০০.০০**	**৭৪৫৬০.০০**	**৩৫৫০০.০০**	**৭৪৫৬.০০**	**০.০০**	**১২০০.০০**	**০.০০**	**১৮০০০.০০**	**৩৫৫০০.০০**	**৭৭৬০৭৬.০০**	**৮৯৪৭২.০০**	**১২০০.০০**	**৯০৬৭২.০০**	

<u>প্রধান কার্যালয়ে এক কপি জমা দিতে হবে</u>।

<u>স্বাক্ষরিত/-</u>
০৯-০৭-২০১৭
<u>করদাতার স্বাক্ষর (সীলসহ)</u>

<u>স্বাক্ষরিত/-</u>
০৯-০৭-২০১৭
<u>ব্যবস্থাপক/ সহকারী মহাব্যবস্থাপক/ মুখ্য কর্মকর্তা</u>